

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে যে ব্যক্তি রুকু' ও সাজদায় ত্রুটি করে, তার জন্য চোর উপাধী ব্যবহার প্রসঙ্গে

ذِكْرُ إِثْبَاتِ اسْمِ السَّارِقِ عَلَى النَّاقِصِ الرُّكُوعِ وَالسُّجُودِ فِي صَلَاتِهِ

আরবী

1885 _ أَخْبَرَنَا الْقَطَّانُ بِالرَّقَّةِ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْحَمِيدِ بْنُ أَبِي الْعِشْرِينَ عَنِ الْأُوْزَاعِيِّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَسُوأُ النَّاسِ سَرَقَةً الَّذِي يَسْرِقُ صَلَاتَهُ) قَالَ: وَكَيْفَ يَسْرِقُ صَلَاتَهُ؟ قَالَ: وَكَيْفَ يَسْرِقُ صَلَاتَهُ؟ قَالَ: (لَا يُتِمُّ ركوعها ولا سجودها)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1885 | خلاصة حكم المحدث: صحيح لغيره ـ ((المشكاة)) ((المشكاة)) ((صلاة التراويح)) (ص111 ـ 120)، ((التعليق الرغيب)) (1/ 181).

বাংলা

১৮৮৫. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "মানুষের মাঝে নিকৃষ্ট চোর হলো ঐ ব্যক্তি যে তার সালাতে চুরি করে।" সাহাবীগণ আরয করলেন, "কিভাবে সে সালাতে চুরি করে?" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সে পরিপূর্ণভাবে রুকূ' সাজদা করে না।"[1]

ফুটনোট

[1] মুসতাদরাকে হাকিম: ১/২২৯; সুনান বাইহাকী: ২/৩৮৬; হাইসামী, মাজমা⁴উয যাওয়াইদ: ২/১২০; মুসনাদ আহমাদ: ৫/৩১০; দারেমী: ১/৩০৪-৩০৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/১৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন